গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নওগাঁ সদর, নওগাঁ।
www.naogaonsadar.naogaon.gov.bd

নম্বর : ০৫.৪৩.৬৪৬০.০০০.০২.০৩৩.২৪- ১০৪

তারিখ : ১৫ মাঘ ১৪৩০
২৯ জানুয়ারি ২০২৪

## ১৪৩১ বাংলা সনের জন্য নওগাঁ সদর উপজেলাধীন হাট-বাজার ইজারার বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার প্রশাসন-২ শাখার ২১ সেপ্টেম্বর ২০১১ (০৬ আশ্বিন ১৪১৮) তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারকে জারিকৃত "সরকারি হাটবাজার সমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা" অনুযায়ী নওগাঁ সদর উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ১৪৩১ সনের ৩০শে চৈত্র পর্যন্ত ০১(এক) বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভাবে ইজারা বন্দোবস্তের নিমিত্ত প্রতিটি হাটের আলাদা দরপত্র আহ্বান করা যাচ্ছে। শর্ত সম্বলিত দরপত্র ফরম তফসিল বর্ণিত তারিখ অনুযায়ী অফিস চলাকালীন সময়ে (সরকারি ছুটির দিন ব্যতীত) জেলা প্রশাসকের কার্যালয়,নওগাঁ; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নওগাঁ সদর; সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, নওগাঁ সদর; সোনালী ব্যাংক, নওগাঁ শাখা ও নওগাঁ সদর মডেল থানা হতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। দরপত্র গ্রহণের তারিখে কোন দরপত্র সিডিউল ফরম বিক্রয় করা হবে না।

তফসিলে বর্ণিত তারিখ সকাল ০৯:০০ টা হতে বেলা ১:০০ টা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়,নওগাঁর স্হানীয় সরকার শাখা; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নওগাঁ সদর ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, নওগাঁ সদর, নওগাঁয় রক্ষিত বাক্সে সীলগালাযুক্ত দরপত্রসমূহ গ্রহণ করা হবে। দরপত্রসমূহ গ্রহণের তারিখেই বিকাল ০৩.০০ টায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

### বাংলা ১৪৩১ সনের হাট-বাজার ইজারা সংক্রান্ত তফসিল

| ক্র: নং | হাটের অবস্থান (ইউনিয়ন) | হাটের নাম | বাংলা ১৪৩১ সনের জন্য সরকারি ইজারা মুল্য | সিডিউলের মুল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|---|
| ১ | কীর্ত্তিপুর | কীর্ত্তিপুর হাট-বাজার | ৫৯,৩৩,৫২৭/- | ১২৬০০/- |
| ২ | কীর্ত্তিপুর | তেঁতুলিয়া হাট | ১০,১১,৪৭০/- | ২৮০০/- |
| ৩ | হাপানিয়া | হাপানিয়া হাট-বাজার | ১২,৫৫,৪৭২/- | ৩২০০/- |
| ৪ | হাপানিয়া | লখাইজানি হাট | ৭৪,১৬৩/- | ৫০০/- |
| ৫ | বর্ষাইল | সোমবাড়ি হাট | ৪,০৪,৭৭৯/- | ১৬০০/- |
| ৬ | বর্ষাইল | অনন্তপুর হাট | ১,১১,০৫৩/- | ১০০০/- |
| ৭ | বক্তারপুর | পাহাড়পুর হাট-বাজার | ১,৬৬,১৪১/- | ১০০০/- |
| ৮ | বক্তারপুর | সাহাপুর হাট | ২২,৮৩৬/- | ৫০০/- |
| ৯ | তিলকপুর | তিলকপুর হাট | ২৬,৪২৮/- | ৫০০/- |
| ১০ | তিলকপুর | ফতেপুরহাট | ১,০০,৮৪০/- | ১০০০/- |
| ১১ | দুবলহাটী | দুবলহাটী হাট-বাজার | ৪,০৮,৪৫৮/- | ১৬০০/- |
| ১২ | দুবলহাটী | মাতাসাগর হাট | ১,০৬,৪৮০/- | ১০০০/- |
| ১৩ | বলিহার | বলিহার হাট | ৯১,৮৪৯/- | ৫০০/- |
| ১৪ | বলিহার | পয়না হাট | ৪৫,৫৭৪/- | ৫০০/- |
| ১৫ | বলিহার | বটতলী হাট-বাজার | ১,৮৬,২৮০/- | ১০০০/- |
| ১৬ | শিকারপুর | গোয়ালী হাট-বাজার | ৯৯,০৩৯/- | ৫০০/- |
| ১৭ | হাঁসাইগাড়ী | কাটখৈর হাট | ৮,৭৬,৩০২/- | ২৪০০/- |
| ১৮ | হাঁসাইগাড়ী | ভীমপুর হাট | ৪৪,৯৪৪/- | ৫০০/- |
| ১৯ | চন্ডিপুর | মাদারমোল্লা হাট-বাজার | ১,২৮,৪২৬/- | ১০০০/- |

### দরপত্র বিক্রয়, গ্রহণ ও খোলার সময়সূচি

| ক্রঃ নং | পর্যায় | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ০১ | ১ম পর্যায় | ১৪/০২/২০২৪ খ্রি. বিকাল-৪:০০টা | ১৫/০২/২০২৪ খ্রি. দুপুর-১:০০টা পর্যন্ত | ১৫/০২/২০২৪ খ্রি. বিকাল-৩:০০টা |
| ০২ | ২য় পর্যায় | ২৭/০২/২০২৪ খ্রি. বিকাল-৪:০০টা | ২৮/০২/২০২৪ খ্রি. দুপুর-১:০০টা পর্যন্ত | ২৮/০২/২০২৪ খ্রি. বিকাল-৩:০০টা |
| ০৩ | ৩য় পর্যায় | ০৬/০৩/২০২৪ খ্রি. বিকাল-৪:০০টা | ০৭/০৩/২০২৪ খ্রি. দুপুর-১:০০টা পর্যন্ত | ০৭/০৩/২০২৪ খ্রি. বিকাল-৩:০০টা |
| ০৪ | ৪র্থ পর্যায় | ১৯/০৩/২০২৪ খ্রি. বিকাল-৪:০০টা | ২০/০৩/২০২৪ খ্রি. দুপুর-১:০০টা পর্যন্ত | ২০/০৩/২০২৪ খ্রি. বিকাল-৩:০০টা |
| ০৫ | ৫ম পর্যায় | ২৭/০৩/২০২৪ খ্রি. বিকাল-৪:০০টা | ২৮/০৩/২০২৪ খ্রি. দুপুর-১:০০টা পর্যন্ত | ২৮/০৩/২০২৪ খ্রি. বিকাল-৩:০০টা |

বর্ণিত সময়সূচি মোতাবেক ১ম পর্যায়ে যে সকল হাটের দরপত্র গৃহীত হবেনা বা দরপত্র পাওয়া যাবেনা ২য় পর্যায়ে শুধুমাত্র সে সমস্ত অবশিষ্ট হাট বাজারের দরপত্র গ্রহণ করা হবে। ২য় পর্যায়ে যে সকল হাটের দরপত্র গৃহীত হবে না বা দরপত্র পাওয়া যাবে না ৩য় পর্যায়ে শুধুমাত্র সে সমস্ত অবশিষ্ট হাট বাজারের দরপত্র গ্রহণ করা হবে। অনুরুপভাবে ৪র্থ ও ৫ম পর্যায়ে দরপত্র গ্রহণ করা হবে। দরপত্র দাখিলের তারিখ অনিবার্য কারণবশত: সরকারি ছুটি ঘোষিত হলে পরবর্তী ১ম কার্যদিবসে দরপত্র দাখিলের তারিখ হিসেবে গণ্য হবে। এ জন্য আলাদা কোন বিজ্ঞপ্তি জারি করা হবে না।

এ ছাড়া প্রয়োজনে অন্যান্য বিস্তারিত তথ্য ও শর্তাবলী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নওগাঁ সদর হতে অফিস চলাকালীন সময়ে এবং www.naogaonsadar.naogaon.gov.bd ওয়েব সাইট হতে জানা যাবে। দরপত্র সিডিউল ফরমের সাথে বিস্তারিত শর্তাবলী সংযুক্ত থাকবে।

এস.এম. রবিন শীষ
উপজেলা নির্বাহী অফিসার
নওগাঁ সদর, নওগাঁ।
২৯.০১.২৪

# বাংলা ১৪৩১ সনের জন্য হাট-বাজার ইজারার শর্তাবলী

০১। বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ১৪৩১ সনের ৩০শে চৈত্র ০১(এক) বছর মেয়াদ কালের জন্য শর্ত সাপেক্ষে হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রে বর্ণিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর, নওগাঁ এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কর্মদিবসের মধ্যে দরপত্রে বর্ণিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত **১০% আয়কর এবং ১৫% ভ্যাট** অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে। অন্যথায় হাটের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। কোন অবস্থাতেই ইজারা অর্থ জমাদানের সময় বৃদ্ধি করা যাবে না।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি কাংখিত মূল্যের চেয়ে কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৬। সীলগালাযুক্ত বন্ধখামের উপর দরপত্র দাতার নাম,ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার কর্তৃক নিজ খরচে হাটের দৃশ্যমান একাধিক স্থানে টোলচার্ট প্রদর্শনের ব্যবস্থা করতে হবে (টোল-রেইট চার্টের সাথে সকল শর্তাবলী সংযুক্ত আছে)।

০৮। প্রত্যেক হাটের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত বন্ধখামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট,আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক নিজ দায়িত্বে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৪ কোন প্রকার ঘষা-মাজা,কাটাকাটি, লেখার উপর লেখাযুক্ত দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারি ভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। প্রয়োজনে হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন,১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯। সংশ্লিষ্ট হাট-বাজারের অনুমোদিত পেরীফেরী/নির্ধারিত জায়গা ব্যতীত জনসাধারণের চলাচলের পথ, সরকারী, বে-সরকারী অফিস প্রাঙ্গণ, আবাসিক ভবনের পার্শ্ববর্তী ইত্যাদি এলাকায় ইজারাদার কোন ক্রমেই হাট বসিয়ে টোল আদায় করতে পারবেন না। অন্যথায় ইজারা বাতিল পূর্বক জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে। প্রয়োজনে পুনঃইজারা কার্যক্রম/খাস আদায় করা হবে।

25.02.24

এস.এম. রবিন শীষ
উপজেলা নির্বাহী অফিসার
নওগাঁ সদর, নওগাঁ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নওগাঁ সদর, নওগাঁ।
www.naogaonsadar.naogaon.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৩.৬৪৬০.০০০.০২.০৩৩.২৪-১০৪

তারিখ : ১৫ মাঘ ১৪৩০
২৯ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য, ৫০,নওগাঁ-৫ ।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৫। জেলা প্রশাসক, নওগাঁ।
০৬। পুলিশ সুপার,নওগাঁ।
০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ।
০৮। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নওগাঁ।
০৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
১০। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, নওগাঁ।

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলোঃ

০১। উপজেলা নির্বাহী অফিসার,.......................................... (সকল), নওগাঁ।
০২। মেয়র, ...................................... পৌরসভা (সকল), নওগাঁ।
০৩। সহকারী কমিশনার (ভূমি), নওগাঁ সদর, নওগাঁ।
০৪। বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গোলাম সামদানী, সাবেক উপজেলা কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, নওগাঁ সদর উপজেলা।
০৫। উপজেলা ................................................... অফিসার, নওগাঁ সদর, নওগাঁ।
০৬। অফিসার ইন-চার্জ, নওগাঁ সদর মডেল থানা, নওগাঁ।
০৭। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি. নওগাঁ শাখা, নওগাঁ।
০৮। চেয়ারম্যান,...................................... ইউপি (সকল), নওগাঁ সদর, নওগাঁ। তাঁকে তাঁর অধিনস্থ হাট-বাজারে ঢোল শহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৯। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নওগাঁ সদর, নওগাঁ। বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,...................................................... ইউনিয়ন ভূমি অফিস (সকল), নওগাঁ সদর, নওগাঁ। তাঁকে বিজ্ঞপ্তিটি তার অধিক্ষেত্রাধীন হাট-বাজারে বহুল প্রচারঅন্তে জারি প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।
১১। সচিব,......................................... ইউপি (সকল), নওগাঁ সদর, নওগাঁ। তাঁকে বহুল প্রচার নিশ্চিতঅন্তে জারি প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।
১২। জনাব,................................................... ইজারাদার, .............................. ..........হাট (বাংলা ১৪৩০ সন), মোবাঃ ...................................নওগাঁ সদর, নওগাঁ।
১৩। জনাব ..........................................................................................................................................
১৪। ক) বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক------------------------------------------------------------------------------------ পত্রিকা
খ) বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক------------------------------------------------------------------------------------পত্রিকা।
তাঁকে মূল বিজ্ঞপ্তিটি হাট-বাজারের তালিকাসহ ছুটির দিন বাদে সীমিত পরিসরে (দৈর্ঘ্য-১০ ইঞ্চি ও প্রস্থ-০৪ কলাম) আগামী ০১/০২/২০২৪ তারিখের পূর্বে ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে পত্রিকার ০২ (দুই) কপি অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৫। নোটিশ বোর্ড, অত্র দপ্তর/হাসপাতাল/পুলিশ স্টেশন/সাব-রেজিস্ট্রি অফিস/পোষ্ট অফিস ইত্যাদি, নওগাঁ সদর,নওগাঁ।

২৯.০১.২৪


এস.এম. রবিন শীষ
উপজেলা নির্বাহী অফিসার
নওগাঁ সদর, নওগাঁ।
ফোন : ০২৫৮৮৮৮১৪৬৬
unonaogaonsadar@gmail.com